দৈনিক বাংলা

তারিখ ... 29 DEC 1989
পৃষ্ঠা ... ৩ ... কলাম ...

45

# কম্পিউটারে দক্ষ জনশক্তি গড়ে তোলার উদ্যোগ

সরকার ও বিকেন্দ্রীকৃত প্রশাসনে তথ্য প্রযুক্তি প্রয়োগের উপর সদ্য সমাপ্ত জাতীয় সেমিনারের সুপারিশ সম্পর্কিত এক উপস্থাপনা বৃহস্পতিবার প্রেসিডেন্টের সচিবালয়ে অনুষ্ঠিত হয়।

(৩-এর পৃঃ দ্রঃ)

## কম্পিউটারে

(প্রথম পৃঃ পর)

কম্পিউটারের উপর প্রেসিডেন্টের উপদেষ্টা ডঃ এম রফিকুজ্জামান প্রদত্ত উপস্থাপনায় প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ সভাপতিত্ব করেন। খবর বাসসের।

উপস্থাপনাকালে এটা প্রকাশ পায় যে সরকার দেশে ব্যাপক ভিত্তিক কম্পিউটার চালু করতে একটি যথোপযুক্ত জনশক্তি গড়ে তুলতে কারিগরি প্রশিক্ষণের পরিকল্পনা করছেন।

প্রেসিডেন্টের প্রধান সচিব এ এইচ সাদিক এ উপলক্ষে সেখানে উপস্থিত ছিলেন।

তথ্য প্রযুক্তির উপর সেমিনার একটি জাতীয় তথ্য প্রযুক্তি পরিকল্পনা উত্থাপন এবং কলেজ ও স্কুলসমূহে মাস্টার পর্যায়, ডিপ্লোমা, ও সার্টিফিকেট কোর্স এবং কম্পিউটার স্টাডি কোর্স প্রবর্তনের সুপারিশ করে। সেমিনার ঢাকায় একটি কেন্দ্রীয় উপাত্ত ব্যাংক স্থাপনেরও সুপারিশ করে।